ঝিনাইদহে পোস্টাল ব্যালটে ভোট দেবেন ২১ হাজার ৪৭ জন ভোটার

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহের চারটি সংসদীয় আসনে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন ২১ হাজার ৪৭ জন ভোটার।

এর মধ্যে পুরুষ ভোটার ১৬ হাজার ৬৩২ জন এবং মহিলা ভোটার ৪হাজার ৪৫২জন। নিবন্ধন করলেও ৩৭ ভোটার অনুমোদন না পাওয়ায় এবছর ২১হাজার ৪৭ জন ভোটার ভোট দিতে পারবেন।

এছাড়াও এবার ৭৯ জন কারাবন্দি ও ১৩৬ জন আনসার ভিডিপির সদস্য পোষ্টাল ব্যালটে ভোট দিতে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন বলে জানা গেছে।

জেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, দেশের বিভিন্ন স্থানে কর্মরত সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীসহ অন্যান্য ভোটার রয়েছেন ১৪ হাজার ৫১১ জন।

অপরদিকে বিদেশে অবস্থানরত প্রবাসী ভোটারের সংখ্যা ৬ হাজার ৫৩১ জন। তবে বিভিন্ন দেশে ঝিনাইদহের প্রায় ৮৫ হাজার প্রবাসী থাকলেও নিবন্ধন করেছে মাত্র সাড়ে ৬ হাজার ভোটার।

নিবন্ধিত পোস্টাল ব্যালট ভোটারদের মধ্যে ঝিনাইদহ জেলা কারাগারে থাকা বন্দি ভোটার রয়েছেন ৭৯ জন এবং আনসার ভিডিপির সদস্য রয়েছে ১৩৬ জন।

আসন ভিত্তিক তথ্য নিয়ে জানাযায়, ঝিনাইদহ-১ আসনে ৪ হাজার ৬০ জন, ঝিনাইদহ-২ আসনে ৭ হাজার ১৩৮ জন, ঝিনাইদহ-৩ আসনে ৫ হাজার ৪০৬ ও ঝিনাইদহ-৪ আসনে ৪ হাজার ৪৩৮ ভোটারকে পোষ্ট অফিসের মাধ্যমে আসনভিত্তিক ভোট দেওয়ার জন্য পোস্টাল ব্যালট পাঠানো হচ্ছে।

নির্ধারিত সময়ের মধ্যেই সংশ্লিষ্ট সকল ভোটাররা তাদের পোষ্টাল ব্যারটে ভোট দিতে পারবেন।

জেলা নির্বাচন অফিসার আবুল হোসেন জানান, কর্মস্থল, প্রবাস বা

কারাবন্দি থাকার কারণে যারা এতদিন সরাসরি ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে পারতেন না, পোস্টাল ব্যালট পদ্ধতির মাধ্যমে তাদের ভোটাধিকার নিশ্চিত করা সম্ভব হচ্ছে। এটি নির্বাচন ব্যবস্থায় একটি যুগান্তকারী পদক্ষেপ।

পোস্টাল ব্যালট ভোটার ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামের বাসিন্দা শাহিদুর রহমান জানান, ভোট গ্রহনের দায়িত্ব পাওয়ার কারণে প্রতিবারই ভোটের দিন সেন্টারে গিয়ে ভোট দেওয়া সম্ভব হয় না। এবার পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার সুযোগ পেয়ে সত্যিই খুশি। এতে আমার মতো অনেকেই ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন।

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা নির্বাচন অফিসার (ভারপ্রাপ্ত) আলমগীর হুসাইন জানান, পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠু, স্বচ্ছ ও নিরাপদ করতে

প্রয়োজনীয় সব প্রস্তুতি নিয়েছেন নির্বাচন কমিশিন। কোনো ধরনের অনিয়ম যাতে না ঘটে, সে বিষয়ে বিশেষ নজর রাখা হচ্ছে। তিনি আরও বলেন, এক একটি সংসদীয় আসনের পোস্টাল ব্যালট নিদৃষ্ট স্থানে জমা হবে এবং নির্বাচনের দিন ভোট গণনার সময় এই ভোট গণনা করা হবে।

ঝিনাইদহ জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক মো. আব্দুল্লাহ আল মাসউদ বলেন, পোস্টাল ব্যালট পদ্ধতি চালুর ফলে নির্বাচনে ভোট প্রদানের সংখ্যা বাড়বে এবং গণতান্ত্রিক প্রক্রিয়া আরও শক্তিশালী হবে।